

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯৭৮

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - নিরাপত্তা (আশ্রয়) প্রদান

### আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ الْمَرْأَةَ لَتَأْخُذُ لِلْقَوْمِ» يَعْنِي تُجينُ على الْمُسلمين. رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

৩৯৭৮-[২] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একজন নারীও তার (কাফির) গোত্রের জন্য নিরাপত্তা লাভ করতে পারে। অর্থাৎ- সে মুসলিমদের পক্ষে আশ্রয় দিতে পারে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] হাসান : তিরমিযী ১৫৭৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ الْمَرْأَةَ لَتَأْخُذُ لِلْقَوْمِ» يَعْنِى تُجِيْرُ عَلَى الْمُسْلِمِيْنَ») অর্থাৎ- একজন মহিলাও স্বীয় সম্প্রদায়ের জন্য নিরাপত্তা নিতে পারে, এক কথায় মুসলিম নারীর পক্ষে সম্প্রদায়ের জন্য নিরাপত্তা গ্রহণ বৈধ। ইবনুল হুমাম বলেনঃ আবু দাউদ স্বীয় সানাদে 'আয়িশাহ্ সিদ্দীকা (রাঃ) হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ للْمُرْأَةُ لَتُجِيرُ عَلَى الْمُؤْمِنِينَ । অর্থাৎ- "নিঃসন্দেহে মহিলা মু'মিনদের ব্যাপারে নিরাপত্তা গ্রহণ করতে পারে।"

ইমাম তিরমিয়া "মহিলা কর্তৃক নিরাপত্তা দান" এ সম্পর্কে একটি অধ্যায় বেঁধেছেন। তিনি বলেন, আমাদের কাছে ইয়াহ্ইয়া বিন আকসাম হাদীস বর্ণনা করেছেন, হাদীসটি তিনি আবূ হুরায়রাহ্ পর্যন্ত পৌঁছিয়েছেন, আবূ হুরায়রাহ্ রোঃ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ الْمَرْأَةَ لَتَأْخُذُ لِلْقَوْمِ "দিশ্চয় মহিলা সম্প্রদায়ের জন্য নিরাপত্তা নিতে পারে।" অর্থাৎ- মুসলিমদের ওপর স্বীয় সম্প্রদায়ের কোনো ব্যক্তিকে নিরাপত্তা দিবে। তিনি বলেন, এটি হাসান, গরীব হাদীস। তিনি তার 'ইলালুল কুবরা'



গ্রন্থে বলেন, আমি মুহাম্মাদ বিন ইসমা'ঈল-কে এ হাদীস সম্পর্কে প্রশ্ন করেছি। উত্তরে তিনি বলেছেন, এটা বিশুদ্ধ হাদীস। অত্র অধ্যায়ের হাদীসসমূহের অন্তর্ভুক্ত আল্লাহর রসূলের কন্যা যায়নাব কর্তৃক আবুল 'আস-কে নিরাপত্তা দানের হাদীস। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, اللهُ مُنْ الْمُسْلِمِينَ أَدْنَاهُمْ অর্থাৎ- "জেনে রাখ অবশ্যই সর্বনিম্ন ব্যক্তি মুসলিমদের ওপর নিরাপত্তা দান করবেন।" ত্বারানী একে দীর্ঘাকারে বর্ণনা করেছেন। (মিরকাতুল মাফাতীহ)

ইমাম তিরমিয়ী অন্য সানাদে একটি হাদীস এনেছেন যা 'আকীল বিন আবূ ত্বালিব-এর গোলাম আবূ মুররাহ্ উম্মু হানী থেকে বর্ণনা করেন, উম্মু হানী বলেন, আমি আমার শ্বশুর বংশীয় দু'জন লোককে আশ্রয় দিয়েছি। অতঃপর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তুমি যাকে নিরাপত্তা দান করেছ আমরাও তাকে নিরাপত্তা দান করেছি।" আবূ 'ঈসা বলেন, এটি হাসান সহীহ হাদীস। এর উপরে বিদ্বানগণের 'আমল রয়েছে। তারা মহিলা কর্তৃক নিরাপত্তা দানকে বৈধ ঘোষণা দিয়েছেন। আর তা আহমাদ, ইসহক-এর উক্তি। তারা উভয়ে মহিলা ও দাস উভয়ের নিরাপত্তা দানকে বৈধ ঘোষণা করেছেন। 'উমার থেকে বর্ণনা করা হয়েছে, তিনি দাস কর্তৃক নিরাপত্তা দানকে বৈধ ঘোষণা করেছেন। (তুহফাতুল আহওয়ায়ী ৪র্থ খন্ত, হাঃ ১৫৭৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন